

Publication:- Aajkaal

Date: - 16th December 2017

Page No: - 02

**Opening Ceremony of 16th The India International Mega Trade Fair (IIMTF) at
Science City ground organized by The Bengal Chamber & G S Marketing**



১৬তম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল মেগা ট্রেড ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে অমিত মিত্র।
আছেন ইন্ডিজিৎ সেন ও প্রকাশ শাহ। সায়েন্স সিটি গ্রাউন্ডে, শুক্রবার। ছবি: শিখর কর্মকার

২ বাংলা জাহাজ গড়বে

আজকালের প্রতিবেদন

পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ 'স্পেশ্যাল পার্পাস ভেহিকল' মডেলে তৈরি করবে অসামীরিক জাহাজ। এ ব্যাপারে মিলেছে বিদেশ ও প্রতিরক্ষা দপ্তরের প্রয়োজনীয় অনুমতি। শুক্রবার কলকাতায় এক অনুষ্ঠানে এ কথা জানিয়েছেন রাজ্যের অর্থ এবং শিল্পমন্ত্রী অমিত মিত্র। এদিন তিনি বলেন, জিএসটি চালুর পর দেশে যত রাজস্ব আয় হবে ভাবা হয়েছিল, তা হয়নি। কর্ম রাজস্ব আদায়ের জন্য দায়ী জিএসটি সফটঅ্যায়ার, এমনই অভিমত তাঁর। অর্থমন্ত্রী আরও জানান, নিউ টাউনের ফিনানশিয়াল হাবে ব্যাকগুলি নন-ব্যাঙ্কিং কাজের জন্য ৪৯ শতাংশ জমি কাজে লাগাতে পারবে। বাগদা চিংড়ি রপ্তানি আরও বাড়াতে হলদিয়ায় হবে অত্যাধুনিক প্রক্রিয়াকরণ কেন্দ্র।

ইন্টারন্যাশনাল মেগা ট্রেড ফেয়ারের উদ্বোধন করেন তিনি। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিএস মার্কেটিং অ্যাসোসিয়েটেসের প্রকাশ শাহ, এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল অফ হ্যান্ডিক্রাফ্টস এবং ইন্ডিয়া এক্সপো মার্ট লিমিটেডের চেয়ারম্যান রাকেশ কুমার। দ্য বেঙ্গল চেম্বারের সভাপতি ইন্ডিজিৎ সেন, নেপালের ডেপুটি কমন্সেল জেনারেল নারায়ণ শর্মা, কলকাতায় বাংলাদেশের ডেপুটি হাই কমিশনের প্রথম সচিব (বাণিজ্য) সইফুল ইসলাম, এলআইসি-র এসএন ভট্টাচার্য প্রমুখ। অমিতবাবু বলেন, শালিমার ওয়ার্কসের সঙ্গে বাংলাদেশের একটি সংস্থা মিলে অসামীরিক জাহাজ তৈরি করবে। বিদেশ, প্রতিরক্ষা মন্ত্রকে অনুমতি পাওয়া গেছে। তিনি বলেন, জিএসটি চালুর পর দেশে ১৪ শতাংশ আর্থিক বৃদ্ধির আশা করা

৮ মাসে আদায় হয়েছে ১ লক্ষ ৩৬ হাজার কোটি টাকা। ইওয়ার কথা ছিল ১ লক্ষ ৭২ হাজার কোটি টাকা। এমন হলে বছর শেষে ক্ষতি ১ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে যাবে। ক্ষতিপূরণের জন্য ৫৫ হাজার কোটি টাকার তহবিল রয়েছে কেন্দ্রে। বাকি অর্থ কোথা থেকে জোগাড় হবে, তা নিয়ে উদ্বিগ্ন তিনি। বাগদা চিংড়ি রপ্তানিতে দেশে প্রথমে স্থানে রাজ্য। তার পরিমাণ আরও বাড়তে তৎপর রাজ্য সরকার। এ ব্যাপারে অমিতবাবু বলেন, ২০১৬-১৭ অর্থবর্ষে এ দেশ থেকে ৮১ হাজার ৪৫২ মিট্রিক টন বাগদা চিংড়ি রপ্তানি হয়েছে। যার মধ্যে এ রাজ্য থেকে ৬১ হাজার ৯৯০ মিট্রিক টন। আইএকবি হলদিয়ায় তৈরি করারে অত্যাধুনিক চিংড়ি প্রক্রিয়াকরণ কেন্দ্র। এদিকে, মেলার সহযোগী দেশ বাংলাদেশ। কোকাল দেশ নেপাল ও নেদারল্যান্ডস। মেলা চলবে ২৫ ডিসেম্বর।